

জগন্নাথ বিশ্ববিদ্যালয় ক্যারিয়ার ক্লাব (জেএনইউসিসি) কর্তৃক আয়োজিত সেমিনার অনুষ্ঠিত



১৭ সেপ্টেম্বর, ২০১৮, সোমবার সকাল ১১ টায় বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে জগন্নাথ বিশ্ববিদ্যালয় ক্যারিয়ার ক্লাব (জেএনইউসিসি) কর্তৃক আয়োজিত 'Uplift Your Career, Session 2.0' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান। ক্যারিয়ার ক্লাবের প্রধান মডারেটর এবং ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের অধ্যাপক ড. মোঃ মহিউদ্দিন এর সভাপতিত্বে সেশন বক্তা হিসেবে ছিলেন ডেমরা জোনের সিনিয়র সহকারী কমিশনার ইফতেখাইরুল ইসলাম, DON Sumdany এর সিআইও ডন সামদানী, Doreen Power এর মানব সম্পদ প্রধান আহবাবুর রহমান এবং Pathao এর মানব সম্পদ ব্যবস্থাপক শাহরিয়ার রহমান।